

পরীক্ষায় বহিষ্কারের ঘটনা

ছাত্রের হাতে শিক্ষক
প্রহৃত

সাঁথিয়া (পাবনা) ২০শে আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।- পরীক্ষায় বহিষ্কৃত কয়েকজন ছাত্র শিক্ষককে প্রহার করেছে।

সাঁথিয়া মহাবিদ্যালয় কেন্দ্রে এইচএসসি পরীক্ষা চলার সময় নকশের দায়ে আতাইকুলা মহাবিদ্যালয়ের প্রভাষক মোঃ আরশেদ আলী পরীক্ষার্থী বিপ্রব কুমার দাসকে বহিষ্কার করেন।

শিক্ষক আরশেদ আলী পরীক্ষাশেষে বাড়ি ফেরার পথে ৪ সন্ত্রাসী ছাত্র কর্তৃক প্রহৃত হন। তাকে সাঁথিয়া হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। সাঁথিয়া থানায় বিপ্রব, মাসুদ, হিরো ও আলমকে আসামী করে একটি মামলা দায়ের করা হয়েছে। ১০ই আগস্ট ঘটনা ঘটান পর পুলিশ এ পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি।